

অগ্নিবিষয়ক কবিতা

আগুন কি ফুরিয়ে এসেছে ?

স্টেনের রাস্তায় বলাবলি করছিলো কিছু লোক
তাদের কাঁধে ঝুঁয়াগ, বুকে আঁটা ‘প্রতিনিধি’ ব্যাজ
সদ্য পার্টিসম্মেলন সেরে জমায়েতে যাচ্ছিলো তারা ।

আগুন কি ফুরিয়ে এসেছে ?

এই মহাপ্রশ্নের কাছে আমি বড় অসহায়, একা ।

দামাল বাতাসে ওড়ে যৌবনের অক্ষরমালা

অগ্নিশ্বাসী কবিতার ঢেউ

আগুনের ভেতর তখন আমি আগুনই আমার অস্ত্র,

বারুদের ঘেরাটোপে বিপক্ষ স্বদেশ ।

আগুন কি ফুরিয়ে এসেছে ?

তার মানে মুছে গেছে শ্রেণীতন্ত্র, দ্বান্দ্বিক বোধ ?

এমত প্রশ্নের কোন উত্তর খুঁজি না আমি আজ

যুমোতে যাবার আগে সুরাসহ নারীভোগ নিত্য রেওয়াজ ।

সনৎ বসু